প্রাপ্ত দরপত্র নং (অফিস কর্তৃক পূরণীয়)

অনলাইন বা ওয়েবসাইট হতে সংগ্রহের ক্ষেত্রে (দরদাতা কর্তৃক পূরণীয়)ঃ
"মেসার্স কে এম কর্পোরেশন" এর অনুকূলে দরপত্র ফি বাবদ ১৫০/- টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডারের ক্রমিক নং-----------------

তারিখ------------------------ ব্যাংকের নাম------------------------ শাখার নাম---------------------

নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে টেন্ডারের মাধ্যমে বিক্রয়যোগ্য পণ্যের দরপত্র। টেন্ডার সেল নং-০২/২০২৩

ক্যাটালগ ক্রমিক নং	লট নং	পণ্যের সংক্ষিপ্ত বিবরণ	পণ্যের পরিমাণ (মোট)	কোটেশনের টাকা (অংকে ও কথায়)	দরপত্র ও সংযুক্ত দলিলাদি যাচাইপূর্বক দরপত্র পর্ষদের স্বাক্ষর
			অংকেঃ................................. কথায়ঃ................................... ....।	**বিড মূল্য (অংকে)**..................................... **কথায়ঃ**.. ....।	সহকারী রাজস্ব কর্মকর্তা (নিলাম) কাস্টম হাউস চট্টগ্রাম। রাজস্ব কর্মকর্তা (নিলাম) কাস্টম হাউস চট্টগ্রাম।

দরদাতার স্বাক্ষরঃ.. পূর্ণ নাম.. ঠিকানাঃ.. ....

মোবাইল নাম্বার (আবশ্যক) ঃ .... পে-অর্ডার নং/ব্যাংক ড্রাফট নাম্বারঃ..তারিখঃ................................ ব্যাংকের নামঃ...

পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর টাকার পরিমাণ (অংকে)..কথায়ঃ...

<u>সীল্ড টেন্ডারের শর্তসমূহঃ-</u>

১. দরপত্র নির্ধারিত বাক্সে ড্রপ/ফেলার পূর্বে সম্মানিত দরদাতাকে অবশ্যই ক্যাটালগ এর সম্পূরক ও সংশোধনী কপি এবং সর্বশেষ সংশোধনী (প্রযোজ্য ক্ষেত্রে) নিলাম শাখার নোটিশ বোর্ড/ওয়েবসাইট হতে অথবা নিম্নেলিখিত যোগাযোগের ঠিকানা হতে নিজ দায়িত্বে সংগ্রহ করা যাবে।

২. দরপত্রে ক্যাটালগ ক্রমিক নাম্বার ও লট নাম্বার অবশ্যই লিখতে হবে।

৩. দরপত্র দাখিলের ক্ষেত্রে ক্যাটালগের প্রতিটি ক্রমিকের জন্য ০১টি দরপত্র ব্যবহার করতে হবে। একজন বিডার যতগুলো বিড করবেন তাকে ততগুলো দরপত্র দাখিল করতে হবে।

৪. কোন প্রকার শর্তমূলক, কাটা-ছেঁড়া, ঘষা-মাজা বা অসম্পূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না। দরপত্রের সাথে দাখিলকৃত অন্যান্য দলিলাদির প্রতি পৃষ্ঠায় দরদাতার সীল স্বাক্ষর থাকতে হবে।

৫. সীল্ড টেন্ডারের ইনভেলাপের উপর স্পষ্ট অক্ষরে পণ্যের ক্যাটালগ ক্রমিক নাম্বার লিখতে হবে।

৬. দরদাতাকে দরপত্রে প্রদত্ত কোটেশন/উদ্ধৃত মূল্যের ১০% হারে জামানত বাবদ কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সমসাময়িকালের/অনূর্ধ্ব ছয় মাস) জমা করতে হবে। দরদাতা ও পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদানকারী একই ব্যক্তি/প্রতিষ্ঠান হবে। জামানতবিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর নাম্বার, তারিখ ও টাকার পরিমাণ অঙ্কে ও কথায় দরপত্রে উল্লেখ করতে হবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কোন ফটোকপি গ্রহণ করা হবে না। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যতীত অন্য কোন ইনস্ট্রুমেন্ট যেমন, ব্যাংক এর চেক ইত্যাদি গ্রহণযোগ্য হবে না।

৭. বিক্রয়াদেশ নিলাম নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে প্রকাশিত হওয়ার ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে উদ্ধৃত মূল্যের উপর অতিরিক্ত ১০% হারে অগ্রিম আয়কর ও ৭.৫% হারে উৎসে মূসক (ভ্যাট) ট্রেজারি চালানের মাধ্যমে এবং দরমূল্যের অবশিষ্ট অর্থ পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে এবং তৎপ্রেক্ষিতে ডেলিভারি অর্ডার (ডিও) জারি করা হবে। ডিও-তে নির্ধারিত তারিখের মধ্যে পণ্য খালাস গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত হবে।

৮. অপচঁনশীল পণ্যের ক্ষেত্রে প্রথম নিলাম বা দরপত্রের সর্বোচ্চ মূল্য সংরক্ষিত মূল্যের কমপক্ষে ৬০% হলে ঐ মূল্যে অন্যান্য প্রযোজ্য শর্তাদি পরিপালন সাপেক্ষে পণ্য বিক্রয়ের সুপারিশ করা হবে। প্রথম নিলামে ৬০% দরমূল্য পাওয়া না গেলে এবার দ্বিতীয় নিলামের সর্বোচ্চ দরমূল্য প্রথম নিলামের সর্বোচ্চ দরমূল্য অপেক্ষা বেশি হলে পণ্য বিক্রয়ের সুপারিশ করা হবে। অন্যথায় তৃতীয়বার নিলামে তোলা হবে।

৯. বিক্রয়াদেশ প্রাপ্ত দরদাতাকে বিদ্যমান চুক্তি অনুসারে লেবার কন্ট্রাক্ট বাবদ দরমূল্যের ০.০০৩%(শতকরা শূন্য শূন্য তিন) ইনভেন্ট্রি চার্জ প্রদান পূর্বক টাকার রশিদ গ্রহণ করতে হবে।

১০. টেন্ডার খোলার সময় নিলামে বিঘ্ন সৃষ্টি হতে পারে এরূপ কোন প্রকার মন্তব্য, মর্যাদা হানিকর উক্তি, বিশৃঙ্খলা বা অসদাচরণের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে কর্তৃপক্ষ বহিস্কার/টেন্ডার বাতিল করার এবং ভবিষ্যত টেন্ডারে অংশ গ্রহণ করা হতে বিরত রাখার অথবা আইনসম্মত অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. ওজন ভিত্তিক খালাসযোগ্য হলে যেখানে যে অবস্থায়/পরিমাণে/ওজন/সংখ্যায় আছে সেই ভিত্তিতে পণ্য ডেলিভারি নিতে হবে। নিলাম অনুষ্ঠানের পর পণ্যের গুণগত মান, পরিমাণ ইত্যাদি সম্পর্কে কোন ওজর/আপত্তি গ্রহণ করা হবে না।

১২. কোন লটের বিপরীতে সঠিক প্রাপ্ত সর্বোচ্চ কোটেশন এ একাধিক দরদাতা পাওয়া গেলে লটারীর মাধ্যমে একজন সর্বোচ্চ টেন্ডার / কোটেশনদাতাকে নির্ধারণ করে তারই অনুকূলে বিক্রয় অনুমোদন প্রদান করা হবে।

১৩. কমিশনার অব কাস্টমস দরপত্র অনুমোদন করেছেন কিনা তা নিলাম অনুষ্ঠান হওয়ার পর দরদাতাগণ নিজ দায়িত্বে নিলাম শাখা নোটিশ বোর্ড/ওয়েবসাইটে জারিকৃত বিজ্ঞপ্তি হতে জেনে নিবেন।

১৪. বর্ণিত শর্তাবলীর বাইরে জাতীয় রাজস্ব বোর্ডের জারীকৃত স্থায়ী আদেশ নং ৪১/কাস্টমস/২০২২ তাং-০৪.০৯.২০২২ এর সংশ্লিষ্ট বিধানবলী ও এতদ সংক্রান্ত অন্যান্য আদেশ প্রযোজ্য হবে।

১৫. আইনানুগ ফেরতযোগ্য জামানত ফেরতের জন্য ০৬ (ছয়) মাসের মধ্যে আবেদন করতে হবে।

১৬. দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ (BIN), টিআইএন (TIN) সার্টিফিকেট ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। **এছাড়া লবণের ক্ষেত্রে কেমিক্যালস প্রোডাক্টস উৎপাদনকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান এবং ওয়াশড্ সল্ট উৎপাদনকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান সংক্রান্ত প্রমাণক দরপত্রের সাথে দাখিল করতে হবে ।**
ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের (NID) কপি, টিআইএন (TIN) সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৭. পূরণকৃত দরপত্র নিম্নোক্ত দপ্তরসমূহে রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ০৯.০৩.২০২৩ খ্রিঃ হতে ১৩.০৩.২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন (তবে দাখিলের শেষ দিন ১৩.০৩.২০২৩ খ্রি. দুপুর ২.০০টা পর্যন্ত) নিম্নবর্ণিত সময়সূচী অনুসারে দাখিল করতে হবে।

❖ রাজস্ব কর্মকর্তা (প্রশাসন) কাস্টম হাউস, চট্টগ্রাম
❖ জেলা প্রশাসক এর দপ্তর, চট্টগ্রাম
❖ কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর কার্যালয়, আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা।

১৮. ১৫.০৩.২০২৩ তারিখে দুপুর ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাগনের সম্মুখে (যদি কেউ থাকেন) দরপত্র বাক্স সমূহ ডেপুটি কমিশনার (নিলাম) এর কার্যালয়ে খোলা হবে। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে নিলাম অনুষ্ঠিত না হলে পরিবর্তিত সময়-সূচী পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।

১৯. **লবণের ক্ষেত্রে কেবল কেমিক্যালস প্রোডাক্টস উৎপাদনকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠান এবং ওয়াশড্ সল্ট উৎপাদনকারী স্বীকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহ নিলামে অংশগ্রহণ করতে পারবেন।**

কমিশনার অব কাস্টমস এর পক্ষে
ব্যবস্থাপনা সহযোগীতায়
মেসার্স কে এম কর্পোরেশন

....
দরপত্র দাতার স্বাক্ষরঃ